দর্শনায় ৪ টি স্বর্নের বারসহ ২ চাচাতো ভাই আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনা কাঁচাবাজার থেকে ৪টি অবৈধ স্বর্ণের বার ও তাদের ব্যবহৃত মোটরসাইকেলসহ ২ জন চোরাকারবারীকে আটক করেছে চুয়াডাঙ্গা ডিটেক্টিভ ব্রাঞ্চ (ডিবি পুলিশ)।

আজ বুধবার (৩১ জুলাই) দুপুর ২টার দিকে একদল ডিবি সদস্য অভিযান চালিয়ে চোরাকারবারীদের কোমরে নীল রঙের কাপড় দিয়ে পেঁচানো স্বর্ণের বার গুলো জনসমক্ষে উদ্ধার করে।

আটক চোরাকারবারীরা হলো দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের ইউসুফ আলী ওরফে তেলা ইউসুফের ছেলে ইসরাফিল (৪০) ও একই গ্রামের রয়েল মন্ডলের ছেলে রেজাউল (৫০)। তারা পরস্পর আপন চাচাতো ভাই।

চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এ্যান্ড অপস) নাজিম উদ্দিন আল-আজাদ ঘটনাস্থলে উপস্থিত হয়ে সাংবাদিকদের জানান, গোপনে খবর পেয়ে এসআই সোহেল রানার নের্তৃত্বে একদল ডিবি সদস্য লোকনাথপুর হতে সন্দেহভাজন দু’চোরাকারবারীকে ধাওয়া করে। তারা কালো রঙের হিরো হোন্ডা সিবিজেড (ঢাকা মেট্রো ল ১৩-৩৬৬৫) মোটরসাইকেল চালিয়ে দর্শনা কাঁচাবাজারে আসলে সেখান থেকে তাদের আটক করা হয়। এরপর তাদের কোমরে নীল রঙের কাপড় দিয়ে পেঁচানো স্বর্ণের বার গুলো জনসমক্ষে উদ্ধার করা হয়। উদ্ধার করা স্বর্ণের বারের ওজন ৪ কেজি ২৫ গ্রাম। যার আনুমানিক মূল্য ৩ কোটি ৮০ লাখ টাকা।

এ ব্যাপারে দর্শনা থানায় আটক দু’চোরাকারবারীর বিরুদ্ধে মামলা এবং উদ্ধারকরে জব্দ করা অবৈধ স্বর্ণের বারগুলো পরীক্ষা শেষে চুয়াডাঙ্গা ট্রেজারী কার্যালয়ে জমা দেয়া হবে বলে তিনি জানান।